নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৩৯ ১৬ আগস্ট ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে 'অ্যাপলিকেশন অব ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট অ্যাট পাবলিক সেক্টর' শীর্ষক প্রশিক্ষণ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কর্মকর্তাদের অংশগ্রহণে 'অ্যাপলিকেশন অব ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট অ্যাট পাবলিক সেক্টর: ফোকাস অন ইউনিভার্সিটিস ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট' শীর্ষক দুইদিন ব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার (১৬ আগস্ট ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে অনুষ্ঠিত প্রশিক্ষণের সমাপনী দিনে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, একজন কর্মকর্তা হিসেবে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান, আইন কানুন এবং প্রো-বিধানগুলো আপনাদের জানতে হবে এবং এর একটি অংশই হলো এই প্রশিক্ষণ। বিধি বিধানগুলো যত বেশি আপনি নিজে জানবেন, আপনার পরবর্তী প্রজন্মকে জানাবেন এবং নতুন নতুন যারা আসছেন তাদেরকে জানাবেন তত বেশি তাদের জন্য ভালো হবে। একই সঙ্গে ইংরেজী ভাষার দক্ষতা, কম্পিউটার লিটারেসি এই বিষয়গুলো অত্যন্ত জরুরী। এই জন্য আমরা বিভিন্ন সময় বিভিন্ প্রশিক্ষণের আয়োজন করে থাকি।

এ সময় উপাচার্য আরও বলেন, ইউজিসির পক্ষ থেকে নির্দেশনা রয়েছে যে, আমরা যত বেশী ডি-নথির দিকে যাই তত বেশি পেপারলেস সিস্টেম আমরা চালু করতে পারবো। এক্ষেত্রে আমরা ডি-নথিসহ অন্যান্য বিষয়ে আরো ভালোভাবে প্রশিক্ষণের আয়োজন করবো যাতে আমরা পেপারলেসের দিকে যেতে পারি। ডি-নথি করতে গেলেই যেহেতু কম্পিউটার বিষয়ক জ্ঞান থাকতে হবে তাই কম্পিউটারের দক্ষতাগুলো আরও বাড়াতে হবে। তবেই বিশ্ববিদ্যালয় আরও বেশী পেপারলেস হবে এবং র‍্যাংকিং এর পার্টে বিশ্ববিদ্যালয় কতটুকু ইলেকট্রনিক সিস্টেম অথবা সাসটেইনেবিলিটির দিকে যাচ্ছে তা জানা যাবে। আপনারা প্রশিক্ষণের বিষয়গুলো জানবেন এবং বিধি মোতাবেক কাজে লাগাবেন এই আশাবাদ ব্যক্ত করছি।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে প্রশিক্ষণে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ এবং রেজিস্ট্রার জনাব মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী। আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদের সঞ্চালনায় প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থ, বাজেট ও হিসাব বিভাগের পরিচালক জনাব মো. রেজাউল করিম হাওলাদার।

প্রসঙ্গত, উক্ত প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তর ও শাখাসমূহের কর্মকর্তাবৃন্দ অংশ নেয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪